

বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে সমন্বিত পরীক্ষার প্রস্তাব রাষ্ট্রপতির

নিজস্ব প্রতিবেদক •
শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার দুর্ভোগ লাঘবে সামঞ্জস্য পরীক্ষার প্রস্তাব দিয়েছেন বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বর্তমানে সরকারি-বেসরকারি মিলিয়ে বাংলাদেশের শতাধিক বিশ্ববিদ্যালয়ের প্রতিটিতে আলাদাভাবে ভর্তি পরীক্ষা নেওয়া হয়। ফলে শিক্ষার্থীদের আলাদা আবেদনের পাশাপাশি বিভিন্ন জেলায় গিয়ে পরীক্ষা দিতে গিয়ে বিপুল অর্থও ব্যয় হয়। গতকাল বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় কমিশনের অষ্টম ইউজিসি অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপ্রধান শিক্ষার্থীদের এই দুর্ভোগের বিষয়টিতে সবার দৃষ্টি আকর্ষণ করেন।
রাষ্ট্রপতি বলেন, অন্যান্য বছরের মতো এ বছরও বিভিন্ন বিশ্ববিদ্যালয় বিশেষ করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি ক্ষু শিক্ষার্থীদের এক শহর থেকে অন্য শহরে ছেটাছুটি করতে হয়েছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিতে গিয়ে অভিভাবক ও শিক্ষার্থীরা যে অবর্ণনীয় সমস্যা বিশেষ করে যাতায়াত ও থাকা-খাওয়ার সমস্যায় পড়েছেন, তা কল্পনাতীত। বিভিন্ন শহরে ছেলেমেয়েদের ভর্তি পরীক্ষায় অংশ নিতে পাঠাতে অনেক অভিভাবকদের সামর্থ্য না থাকার কথা বলেন আবদুল হামিদ। আবার সামর্থ্য থাকলেও একদিনে এত সংখ্যক শিক্ষার্থীর ভার নিতে বিভিন্ন শহরের অসামর্থ্যের বিষয়টিও তুলে ধরেন তিনি। রাষ্ট্রপতি বলেন, তাই উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে এই অবস্থার অবসান হওয়া একান্ত আবশ্যিক। কেন্দ্রীয়ভাবে বা অঞ্চলভিত্তিক ভর্তি পরীক্ষার ব্যবস্থা করলে শিক্ষার্থী ও অভিভাবকরা এ অবস্থা থেকে মুক্তি পেতে পারে বলে আমি মনে করি। অনুষ্ঠানে ২০১৪ এবং ২০১৫ সালে ইউজিসি অ্যাওয়ার্ডপ্রাপ্ত ১৯ জনের হাতে ফ্রেস্ট, সনদ ও চেক তুলে দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।